সংবাদ

তারিখ ... 06 SEP 2013 ...
পৃষ্ঠা ... ৪ ... কলাম ... ৩ ...

—সংবাদ

# বেসরকারি শিক্ষক সমিতির ৮ দফা দাবি

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি শিক্ষকরা সর্বত্র, সব ক্ষেত্রে অবহেলিত। বেসরকারি শিক্ষকদের প্রথম শ্রেণীর মর্যাদার দাবিসহ ৮ দফা দাবি জানিয়েছে শিক্ষক সমিতি। পাশাপাশি ২০ সেপ্টেম্বর পর্যন্ত সরকারকে আল্টিমেটাম দিয়েছে সংগঠনটি। এ সময়ের মধ্যে দাবি পূরণ না হলে ১ অক্টোবর থেকে দেশের সব শিক্ষা প্রতিষ্ঠানে অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি পালন করবে বলে জানিয়েছে সংগঠনটির নেতারা। গতকাল বিকেলে ঢাকা রিপোর্টার্স ইউনিটি মিলনায়তনে আয়োজিত সংবাদ সম্মেলনে নেতারা এসব কথা জানান। বাংলাদেশ শিক্ষক সমিতির সভাপতি মো. আবুল বাশার হাওলাদারের সভাপতিত্বে অনুষ্ঠিত সম্মেলনে আইডিয়েল স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যক্ষ এবং সংগঠনের মহাসচিব, মো. আ. ছালাম খান, সহকারী প্রধান শিক্ষক জাহাঙ্গীর আলম, অগ্রণী স্কুল অ্যান্ড কলেজের সহকারী অধ্যাপক প্রশান্ত কুমার সরকার প্রমুখ বক্তব্য রাখেন।